শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

ISO 9001:2015 Certified

দূরালাপনী: অফিস- ০৮৩৩২-৫৬৬৪২, অভিযোগ কেন্দ্র ০ঃ ০৮৩৩২-৫৬৬৬৩, ই-মেইলঃ habigonjpbs@yahoo.com, ওয়েবসাইটঃ www.pbs.habigonj.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৬৪৪.৫০৫.০১.০০৫.২৪. ১০১৪

তারিখঃ- ১০ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ

## আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে ইতোপূর্বে পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার (চুক্তি ভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে সন্তোষজনকভাবে কর্মসম্পাদন করেছেন এমন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতাদি | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)<br><br>**পদসংখ্যা:** ৩৮(আটত্রিশ) টি | সর্বশেষ যে পবিসে চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সে পবিসের প্রদত্ত সর্বশেষ বেতনের প্রত্যয়নপত্র এবং পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকা পর্যন্ত ও বাপবিবোর্ডের নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী মূলবেতন ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে। | ০১। **বয়স সীমাঃ**- প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৫২ (বায়ান্ন) বছর (০৮/০৪/২০২৪খ্রিষ্টাব্দ তারিখে)। তবে সর্বোচ্চ ০৯ বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন ।<br>০২। **অভিজ্ঞতাঃ**- আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার /মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে ০৩ বছর/ ০৬ বছর/ ০৯ বছর/ ১২বছর /১৫বছর /১৮ বছর/ তদুর্ধ্ব সময় ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩। অন্যান্য যোগ্যতাঃ<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা থাকতে হবে। |

### শর্তাবলীঃ

০১। আবেদনকারীগণকে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (www.pbs.habiganj.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন নং-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামি ০৮/০৪/২০২৪খ্রিঃ রোজ: সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা সরাসরি টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না। কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি।

(খ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।

(ঘ) প্রার্থীর স্থায়ী ঠিকানার ইউপি চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্র।

(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বাপবিবোর্ড/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩। নির্বাচিত প্রার্থীর ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

অঃ পৃঃ দ্রঃ-২

০৪। নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

০৫। অভিজ্ঞতা সনদ পত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ করতে হবে।

০৬। বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তি ভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে সম্পন্ন না হওয়া পর্যন্ত অত্র সমিতিতে নিয়োগের জন্য উপর্যুক্ত হিসেবে গণ্য হবেন না। তবে সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ায় পূর্ববর্তী ০৩ (তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র সমিতিতে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

০৭। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ: ১২ নভেম্বর ২০১৮ খ্রিঃ এর নির্দেশিকা অনুসরন করা হবে।

০৮। বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

০৯। যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তি ভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে ০৩ বছর/০৬ বছর/০৯ বছর কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

১০। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।।

১১। চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলা জনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/ বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

১২। দুই বা ততোধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পরেবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগ প্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

১৩। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। অত্র পবিসের ভৌগোলিক এলাকার অন্তর্ভুক্ত অর্থাৎ সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর, সাল্লা ও দিরাই উপজেলার(আংশিক), ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলার(আংশিক), সিলেট জেলার ওসমানীনগর উপজেলার(আংশিক) এবং হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

১৫। চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগণ বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি, অন্য কোন প্রতিষ্ঠানের চাকুরীতে সার্বক্ষণিক বা খন্ডকালীন নিয়োজিত হতে/থাকতে পারবেন না।

১৬। ইতোপূর্বে কর্মরত পবিসে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণের(চুক্তিভিত্তিক) পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতীত চুক্তি নবায়ন করা হবে না। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিলপূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

১৭। চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডাম কাম ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদেই বলবৎ থাকবে যা কোনক্রমেই নিয়মিত হবে না।

১৮। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ সুজিত কুমার বিশ্বাস)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়। (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার .................................. পবিস-১/২/৩/৪।
০৫ একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
০৬। ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী)/নোয়াপাড়া/নবীগঞ্জ/বানিয়াচং/চুনারুঘাট/লাখাই জোনাল অফিস।
০৭। এজিএম (ওএন্ডএম), মাধবপুর/বাহুবল/আজমিরীগঞ্জ/ইনাতগঞ্জ সাব-জোনাল অফিস, হবিগঞ্জ পবিস।
০৮। এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), হবিগঞ্জ পবিস।
০৯। নোটিশ বোর্ড, হবিগঞ্জ পবিস।
১০। অফিস কপি/মাস্টার কপি।

(প্রকৌঃ সুজিত কুমার বিশ্বাস)
জেনারেল ম্যানেজার

ISO 9001:2015 Certified

# হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে প্যানেলভূক্তি/ নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ..............................................

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণ ঃ

..............................................
৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

..............................................
৫. প্রকাশনার তারিখ

..............................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

..............................................
(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

..............................................
৭. জন্ম তারিখ(এসএসসি পরীক্ষার সনদ/জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন অনুযায়ী)

........./......./..........(দিন/মাস/বছর)

..............................................
৮. মাতার নাম

৯. বয়স (০৮/০৪/২০২৪ইং তারিখে)

..............................................
১০. পিতার নাম

..............................................
১১. ধর্ম

..............................................
১২. জাতীয়তা

..............................................
১৩. নিজ জেলা

..............................................
১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন) ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র- ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র- ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

| ...................... | ...................... | ...................... | ...................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ...................... | ...................... | ...................... | ...................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেনী/গ্রেড | |
| ৮ম শ্রেণী | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |

২০. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগ কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন.মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে হবিগঞ্জ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে হবিগঞ্জ পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব।

.......................................                                        .......................................

তারিখ                                                                          আবেদনকারীর স্বাক্ষর